

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
আইসিটি শাখা



বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা কমিটির ফেব্রুয়ারি/২০২১ এর মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মো: জাহাজীর হোসেন জেলা প্রশাসক
সভার তারিখ	১৭/০৩/২০২১
সভার সময়	বিকাল ৪:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। সভায় কমিটির সদস্য সচিব ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর বিস্তারিত প্রতিবেদন তুলে ধরেন।


০২। সভায় কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত কার্যক্রম শতভাগ অর্জনের বিষয়ে কি কি কাজ করা হবে সে বিষয়ে লক্ষ্যমাত্রা ও পরিকল্পনা প্রয়োজন রয়েছে মর্মে সভাপতি মহোদয় সভায় অবহিত করেন। তাছাড়া নিজ নিজ অফিস তদারকির পরামর্শ প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন করার লক্ষ্যে ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন এবং অর্জনের বিপরীতে সুনির্দিষ্ট প্রমানক দাখিল করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র/নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রমানক যথাযথভাবে সংরক্ষণ এবং সকল ত্রৈমাসিক ও চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন দাখিলের সময় প্রমানকসহ দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল অর্জনের বিপরীতে যথাযথ প্রমানক পাওয়া যাবে না সে সকল অর্জনের বিপরীতে কর্মসম্পাদন সূচকের মান শূণ্য বলে বিবেচিত হবে।	জেলা এপিএ টিম/জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি শাখা), জে:প্র:কা:, সুনামগঞ্জ
২.	জেলা পর্যায়ের যে সকল দপ্তরসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে এপিএ টিম গঠন করা হয় নাই সে সকল দপ্তরকে আগামী সভার পূর্বে এপিএ টিম গঠনপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া এপিএ টিমের নিয়মিত সভা আহবানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা এপিএ টিম/জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ
৩.	জেলা প্রশাসক, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসারদের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতির অর্জন মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনাক্রমে এপিএএমএস সফটওয়্যারে আপলোডের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা এপিএ টিম, সুনামগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি শাখা), জে:প্র:কা:, সুনামগঞ্জ
৪.	জেলা ও উপজেলা পর্যায়ে এপিএ টিম/কমিটি এর নিয়মিত মাসিক সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং স্ব স্ব কার্যালয়ের উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়টি নিশ্চিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা এপিএ টিম, সুনামগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি শাখা), জে:প্র:কা:, সুনামগঞ্জ

৫.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর চুক্তি অনুসারে যে সকল কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি সেগুলো চুক্তির আলোকে দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা এপিএ টিম, সুনামগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি শাখা), জে:প্র:কা:, সুনামগঞ্জ
----	--	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০৪.০০৯.১৮.২৫

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭
১০ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩) পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ৪) সিভিল সার্জন, সুনামগঞ্জ।
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ।
- ৬) নির্বাহী প্রকৌশলী, গণপুত্র বিভাগ, সুনামগঞ্জ।
- ৭) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ৮) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জ।
- ৯) জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
- ১০) উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।
- ১১) অফিস কপি।



মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক